



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৫০৬/নতুন/ঢাকা/ ৮২০২

তারিখ: ০২/৫/১৭

বিষয় : নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ৩০/০৪/২০১৭ তারিখের স্মারক নং- ৩৮.০০.০০০০.০৭.২২.০০১.১৬.১৮৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়টি মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ-৮ম শ্রেণি) ০১/০১/২০১৭ হতে ৩১/১২/২০১৯ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

## শর্তসমূহ :

- ১। প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে।
- ৩। এ পত্র ইস্যুর তারিখ হতে ১ (এক) মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করতে হবে।
- ৪। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা বাড়াতে হবে, শ্রেণির শিক্ষা সরঞ্জাম ও বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে।
- ৫। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নীত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- ৬। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- ৭। বিদ্যালয়ের চারিদিকে মূল্যবান আরো অধিক বৃক্ষের চারা রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৮। প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ৯। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ১০। আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ১১। স্বীকৃতি বা নিবন্ধনপ্রাপ্তির জন্য প্রতিষ্ঠানকে কমপক্ষে একবার সমাপনী (৮ম শ্রেণি) পরীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণ করতে হবে। অধ্যয়নরত শিক্ষার্থীর ন্যূনতম ৭৫% সমাপনী (৮ম শ্রেণি) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং উক্ত পরীক্ষায় ন্যূনতম ৭০% শিক্ষার্থীকে কৃতকার্য হতে হবে।
- ১১। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

এ.টি.এম. মইনুল হোসেন

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক: প্রধান শিক্ষক

নির্বাহী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ

ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

মেমো নং- ৮২০২ (৬)

তারিখ: ০২/৫/১৭

## সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৭। চেয়ারম্যান, পরিচালনা কমিটি, নির্বাহী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ।
- ৮। অফিস কপি।

০৭.০৫.১৭  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

০২/৫/১৭